গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমবায় অধিদপ্তর
সমবায় ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.coop.gov.bd

নম্বর: ৪৭.৬১.০০০০.০০০.০০৪.০৪.০০১৩.২২.১১০৩-৭/৩

তারিখ: ২১ আষাঢ় ১৪৩৩
০৫ জুলাই ২০২৬

অফিস আদেশ

যেহেতু জনাব রোজিনা আক্তার, অফিস সহায়ক, উপজেলা সমবায় কার্যালয়, গোলাপগঞ্জ, সিলেট এর বিরুদ্ধে যথাক্রমে: ১. বিগত ১১.০৯.২০২১ তারিখের বদলির আবেদনে পররাষ্ট মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী'র স্বাক্ষর জাল করে এ দপ্তরে দাখিল করেছেন; ২. পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী'র একান্ত সচিব মহোদয়ের পত্র নং- ১৯.০০.০০০০.০১০.০১২.০৩.২০২১/৯২, তারিখ: ২১.১০.২০২১ মূলে জানা যায় যে, বদলির আবেদনে মাননীয় পররাষ্ট্র মন্ত্রী'র যে সুপারিশ রয়েছে সেই স্বাক্ষর মন্ত্রী মহোদয়ের নয়; সে কারণে সমবায় অধিদপ্তরের স্মারক নম্বর: ৪৭.৬১.০০০০.০০৪.০৮.০৩৬.১৯.৩২৪, তারিখ: ২২.০৩.২০২২ মূলে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগে ০৮/২১-২২ নম্বর বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মচারী জনাব রোজিনা আক্তার বিগত ১১.০৪.২০২২ তারিখে লিখিত জবাব দাখিল করেন এবং লিখিত জবাবে ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের ইচ্ছা পোষন করেন নি বিধায় শুনানি গ্রহণ করা হয়নি;

যেহেতু তাঁর লিখিত জবাব সন্তোষজনক না হওয়ায় বিভাগীয় মামলায় বর্ণিত অভিযোগসমূহ তদন্ত করার জন্য সমবায় অধিদপ্তরের স্মারক নং- ৪৭.৬১.০০০০.০০৪.০৪.০১৩.২২.জি (মামলা নং-০৮)-৫৪০(৬)-এ/ও, তারিখ: ০৯.০৬.২০২২ মূলে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু তদন্ত প্রতিবেদন মোতাবেক তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে;

যেহেতু সমবায় অধিদপ্তরের স্মারক নং- ৪৭.৬১.০০০০.০০৪.০৪.০১৩.২২.জি-বিমা-৮(২১-২২)-৬৯২(৫)-এ/ও, তারিখ: ০৬.০৬.২০২৪ মূলে ২য় কারণ দর্শানো নোটিশ জারি করা হলে অভিযুক্ত বিগত ০৬.০৫.২০২৬ তারিখ ২য় কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করেন এবং বিগত ১৫.০৬.২০২৬ তারিখ ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু অভিযোগনামা, অভিযোগ বিবরণী, অভিযুক্ত কর্মচারীর জবাব, তদন্ত প্রতিবেদন, ২য় কারণ দর্শানোর জবাব এবং শুনানিতে প্রদত্ত বক্তব্য পর্যালোচনায় জনাব রোজিনা আক্তার এর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মতে 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় এবং অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক বিষয়াদি বিবেচনায় একই বিধিমালার ৪(২) বিধি অনুসরণে লুঘুদন্ড প্রদান করা সমীচীন বলে প্রতীয়মান হয়;

সেহেতু জনাব রোজিনা আক্তার, অফিস সহায়ক, উপজেলা সমবায় কার্যালয়, গোলাপগঞ্জ, সিলেট-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগ অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার ৪(২)(খ) উপবিধি মোতাবেক ০২ (দুই)টি বার্ষিক বর্ধিত বেতন স্থায়ীভাবে স্থগিত রাখার দন্ড প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/- (মোঃ সেলিম ফকির, এনডিসি)
নিবন্ধক ও মহাপরিচালক
ফোনঃ ৪৮১১৯৩০৫

নম্বর: ৪৭.৬১.০০০০.০০০.০০৪.০৪.০০১৩.২২.১১০৩/১(৭)-৭/৩

তারিখ: ২১ আষাঢ় ১৪৩৩
০৫ জুলাই ২০২৬

অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) -

১। যুগ্ম নিবন্ধক বিভাগীয় সমবায় কার্যালয়, সিলেট।
২। জেলা সমবায় অফিসার, সিলেট।
৩। সহকারী নিবন্ধক (সমন্বয় ও কর্মমূল্যায়ন), সমবায় অধিদপ্তর, ঢাকা।
৪। সহকারী প্রোগ্রামার (এমআইএস), সমবায় অধিদপ্তর, ঢাকা। তাঁকে জারিকৃত আদেশ সমবায় অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৫। উপজেলা হিসাবরক্ষণ অফিসার, গোলাপগঞ্জ, সিলেট।
৬। উপজেলা সমবায় অফিসার, গোলাপগঞ্জ, সিলেট।
৭। জনাব রোজিনা আক্তার, অফিস সহায়ক, উপজেলা সমবায় কার্যালয়, গোলাপগঞ্জ, সিলেট।
৭। সংশ্লিষ্ট নথি।

05/07/2026
(মোহাম্মদ সফিকুল ইসলাম)
উপনিবন্ধক (প্রশাসন)
সমবায় অধিদপ্তর, ঢাকা।

F:\Nurual Islam\Allegation.doc